অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সম্ভাব্য নার্সিং হোম স্ট্রাইক ঠেকাতে, কর্মী ও বাসিন্দাদের সুরক্ষা প্রদান করতে 1199SEIU এবং গ্রেটার নিউ ইয়র্ক হেলথ কেয়ার ফ্যাসিলিটিজ অ্যাসোসিয়েশনের সাথে চুক্তি ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের নার্সিং হোমগুলিতে সম্ভাব্য স্ট্রাইক ঠেকাতে 1199SEIU এবং গ্রেটার নিউ ইয়র্ক হেলথ কেয়ার ফ্যাসিলিটিজ অ্যাসোসিয়েশনের (Greater New York Health Care Facilities Association) সাথে চুক্তি ঘোষণা করলেন। নতুন তিন বছরের চুক্তিতে থাকবে কর্মীদের বেতন ও সুবিধা, যা নিশ্চিত করবে যে স্বাস্থ্যসেবার নায়কেরা যাতে ন্যায্য আচরণ পায় এবং নার্সিং হোমের বাসিন্দারা প্রয়োজনীয় সেবা পায়।

"অনেক দিনের নিবিড় আলোচনার পর, আমি 1199SEIU এবং গ্রেটার নিউ ইয়র্ক হেলথ কেয়ার ফ্যাসিলিটিজ অ্যাসোসিয়েশনের সাথে একটি ন্যায্য চুক্তির ব্যবস্থা করতে পেরে গর্বিত যা কর্মজীবী মানুষ এবং নার্সিং হোমের বাসিন্দাদের সুরক্ষা করবে," **গভর্নর হোকল বলেন।** "একটি প্রাণঘাতী জনস্বাস্থ্য সঙ্কটের সময়, দীর্ঘমেয়াদি কেয়ার ফ্যাসিলিটিতে বাস করা নিউ ইয়র্কবাসীদের প্রাপ্য সেবা পাওয়া একান্ত প্রয়োজন। একই সময়, আমাদের নিশ্চিত করতে হবে যে এইসব ফ্যাসিলিটিতে কাজ করা কঠোর পরিশ্রমী নারী পুরুষের সাথে যাতে মর্যাদাপূর্ণ ও সম্মানসূচক আচরণ করা হয়। চুক্তিটি একটি মুখ্য অগ্রগামী পদক্ষেপ। "

এই মাসের শুরুর দিকে, নার্সিং হোম ও দীর্ঘমেয়াদি কেয়ার ফ্যাসিলিটির 1199SEIU কর্মীরা চুক্তিতে পৌঁছা সম্ভব না হলে একটি স্ট্রাইক অনুমোদন করে। 1199SEIU এবং গ্রেটার নিউ ইয়র্ক হেলথ কেয়ার ফ্যাসিলিটিজ অ্যাসোসিয়েশন এবং অন্যান্য নার্সিং হোম সংস্থার সাথে নতুন তিন বছরের চুক্তিটি কর্মীদের বেতন ও সুবিধার ব্যাপারে। গভর্নর হোকল চুক্তি তৈরির জন্য উভয় পক্ষকে একত্রে আনলে স্ট্রাইকের নোটিশ বর্জন করা হয়।

1199SEIU ইউনাইটেড হেল্থকেয়ার ওয়ার্কার্স ইস্ট (1199SEIU United Healthcare Workers East) প্রেসিডেন্ট জর্জ গ্রিশাম বলেন: "আমাদের নার্সিং হোমের নায়কেরা প্রায় দুই বছর ধরে আমাদের দেখা সবথেকে নিকৃষ্ট মহামারীর সময় বাসিন্দাদের যত্ন নেওয়ার পর তাদের প্রাপ্য চুক্তির জন্য অবস্থান গ্রহণ করেছে। যেসব স্বাস্থ্যসেবার নায়কেরা আমাদের প্রিয়জনদের অসাধারণ সেবা প্রদান করে যাচ্ছে তাদের স্বাস্থ্যসেবার গ্যারান্টি প্রদান করে নিউ ইয়র্কের লাভজনক নার্সিং হোমগুলি যাতে সঠিক কাজটি করে তা নিশ্চিত করতে আমাদের সাহায্য করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি।"

গ্রেটার নিউ ইয়র্ক হেলথ কেয়ার অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক মাইকেল ব্যালবনি বলেন: "গ্রেটার নিউ ইয়র্ক হেলথ কেয়ার অ্যাসোসিয়েশন গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছে গুরুত্বপূর্ণ নেতৃত্ব প্রদর্শন করে এই চুক্তির মীমাংসা করার জন্য। দীর্ঘমেয়াদী কেয়ার ইন্ডাস্ট্রির প্রয়োজনের ব্যাপারে তার উদ্বেগ এবং মনোযোগ সঠিক সময়ে এসেছে এবং আমরা তার সাথে অংশীদারিত্ব করার সুযোগের জন্য কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418